

# যুগান্তর

## ভিন্ন পদ্ধতিতে আজ এমবিবিএস ভর্তি পরীক্ষা

প্রকাশ : ১১ অক্টোবর ২০১৯, ০৭:১৯ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্রে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে।

অন্যান্যবাবের চেয়ে  
ভিন্ন পদ্ধতিতে আজ  
অনুষ্ঠিত হচ্ছে  
২০১৯-২০ বর্ষের  
এমবিবিএস ভর্তি  
পরীক্ষা। আগে  
ওএমআরসহ প্রশ্নপত্র  
ছিল ৮ পৃষ্ঠা। এবার ২  
পৃষ্ঠা করা হয়েছে, এতে  
কোনো সেলাই নেই।

ফলে এটি সরাসরি  
মেশিনে দিয়ে ফলাফল  
নির্ণয় করা সম্ভব হবে।  
আগে প্রশ্নপত্রের চারাটি  
সেট থাকত, এবার তা  
থাকছে না। এবারও  
১০০টি প্রশ্নেই পরীক্ষা  
হবে। তবে প্রত্যেকটি  
প্রশ্নপত্রই হবে ভিন্ন,  
অর্থাৎ একেক প্রশ্ন  
একেক নম্বরে থাকবে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সুপ্রিয় কুমার কুন্তু বলেন, দেশব্যাপী একযোগে ১৯ কেন্দ্রের ৩২টি ভেন্যুতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর সরকারি ৪ হাজার ৬৮টি আসন ও বেসরকারি ৬ হাজার ৩৩৬টি মিলে মোট ১০ হাজার ৪০৪টি আসনের বিপরীতে ৭২ হাজার ৯২৮ ভর্তিচ্ছু পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছে। এটি গত বছরের তুলনায় ৭ হাজার ৯ জন বেশি।

অতিরিক্ত সচিব বলেন, এ লক্ষ্যে সাইবার ক্রাইম প্রতিরোধ, পরীক্ষার দিন সড়ক-মহাসড়কের নিরাপত্তা নিশ্চিত করা এবং শিক্ষার্থী ও অভিভাবকদের নির্বিঘ্নে চলাচল, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, কোচিং সেন্টার বন্ধ করা, ফটোকপি মেশিন বন্ধ রাখা, পরীক্ষা কেন্দ্রের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ, প্রশ্ন ও উত্তরপত্রের নিরাপত্তা নিশ্চিত করা, কুচক্ষী মহলের অপরাধ তৎপরতা বন্ধে কাজ করা হয়েছে।

তিনি বলেন, বৃহস্পতিবার ১০টা থেকে শুরুবার বেলা ১১টা পর্যন্ত ইন্টারনেটের গতি সীমিত রাখতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বিটিআরসিকে অনুরোধ জানানো হয়েছে। প্রশ্নপত্র পাঠানোর ট্রাঙ্কে যুক্ত রয়েছে ট্র্যাকিং ডিভাইস। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থা তৎপরতা ও নজরদারি জোরদার করেছে।

সূত্র মতে, ঢাকা মহানগরের ৫ কেন্দ্রের ১১ ভেন্যুতে ৩৫ হাজার ৯৮৫ পরীক্ষার্থী এবং ঢাকার বাইরে ১৫ জেলায় ৩৫ হাজার ৯৮৫ পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেবে। ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনে ১০৭ কর্মকর্তার সমন্বয়ে কেন্দ্র ও ভেন্যুভিত্তিক টিম গঠন করে দায়িত্ব বুঝিয়ে দেয়া হয়েছে।

ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, পরিদর্শনকারী টিমসহ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ইলেক্ট্রনিক ডিভাইস, ক্যালকুলেটর, ঘড়ি, হেডফোনসহ অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস পরীক্ষা কেন্দ্রে আনা, বহন ও ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। পাশাপাশি ভর্তিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পরীক্ষার দিন সকাল ৯টার মধ্যে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে নির্দেশনা দিয়েছে কর্তৃপক্ষ।

**ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএস : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্ট : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।